



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪৪

আরও কমবে চালের দাম

- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২৪ ভাদ্র (০৮ সেপ্টেম্বর):

সরকারিভাবে খোলাবাজারে বিক্রি(ওএমএস) ও খাদ্যবান্ধব কর্মসূচি চালু হওয়ায় ইতিমধ্যে বাজারে চালের দাম কেজি প্রতি ৫-৬ টাকা কমেছে। আগামীতে চালের দাম আরও কমবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ বৃহস্পতিবার বেলা এগারোটায় নওগাঁর পোরশা উপজেলার সারাইগাছি বাজারে ওএমএস-এর কার্যক্রম পরিদর্শন শেষে সাংবাদিকদের এ তথ্য জানান খাদ্যমন্ত্রী।

এ সময় খাদ্যমন্ত্রী বলেন, আমন ধানেও কৃষকরা যেন ন্যায্যমূল্য পায় সেটা নিয়েও কাজ করা হচ্ছে। ন্যায্যমূল্য নিশ্চিত করতে আমরা প্রস্তুত আছি।

সাধন চন্দ্র মজুমদার বলেন, পহেলা সেপ্টেম্বর থেকে সারা দেশে ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি শুরু হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে দেশের ৫০ লাখ হতদরিদ্র জনগোষ্ঠীকে ১৫ টাকা কেজি দরে প্রতি মাসে ৩০ কেজি চাল দেয়া হচ্ছে। এছাড়া, সারা দেশে ২ হাজার ৩৭০ জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম সপ্তাহে ৫ দিন চলছে। আগে একজন ওএমএসের ডিলার এক টন চালের বরাদ্দ পেতেন। এবার প্রত্যেক ডিলার দুই মেট্রিক টন চাল বরাদ্দ পাচ্ছেন।

ওএমএস কেন্দ্রে টিসিবি কার্ডধারী, তৃতীয় লিঙ্গ ও সমাজের পিছিয়ে পড়াবাদের অগ্রাধিকার দেয়া হবে বলে মন্ত্রী জানান। তিনি জানান, টিসিবি কার্ডধারীরা কার্ড দেখিয়ে এবং সাধারণ মানুষ জাতীয় পরিচয়পত্র দেখিয়ে মাসে দুই বার ৫ কেজি করে চাল কিনতে পারবেন। এক ব্যক্তি যাতে বার বার চাল কিনতে না পারেন সেটা নিশ্চিত করা হচ্ছে।

পরে খাদ্যমন্ত্রী পোরশা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলনে যোগ দেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/রোকন/২০২২/১৪.২০ঘ.